

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা
www.rccd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪২.২৪-২০১

১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখঃ -----
৩০ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম-৫ এর লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ সফলভাবে বাস্তবায়ন ও বিভিন্ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে নির্দেশক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটি পুনর্গঠন করা হলো:

ক্রমিক নং	পদবী	কমিটিতে অবস্থান
১.	যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট)	আইসিআর ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
২.	উপসচিব/সিনিয়র সহকারি সচিব (প্রতিষ্ঠান-২)	সদস্য
৩.	সিনিয়র সহকারি সচিব/সহকারি সচিব (পরিকল্পনা-৪)	সদস্য
৪.	প্রোগ্রামার (আইসিটি ইউনিট)	সদস্য
৫.	উপসচিব (প্রশাসন-২)	সদস্য সচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি'র কার্যপরিধি:

১. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুসারে মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা হতে কাংখিত সেবা নির্ধারিত সময়ে প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে ন্যূনতম ৪বার পরিবীক্ষণ করবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবে;
 ২. কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি মনিটরিং করবে;
 ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবে;
 ৪. নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং করবে;
 ৫. প্রতি তিন মাসে একবার কমিটির সভা আয়োজন এবং কর্মপরিকল্পনার সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করবে;
 ৬. মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবে;
 ৭. অর্থবছরের মাঝামাঝি সময়ে (১৫ জানুয়ারির মধ্যে) আওতাধীন অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং আওতাধীন অফিসসমূহকে ফলাবর্তক প্রদান করবে;
 ৮. অর্থবছর শেষে ১০ জুলাই তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ মনিটরিং ও রিপোর্টিং শাখায় প্রেরণ করবে এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে ১৫ জুলাই তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;
 ৯. অর্থবছর শেষে ১৫ জুলাই তারিখের মধ্যে কমিটি কর্তৃক আওতাধীন অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত পূর্ববর্তী অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার প্রমাণকসমূহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদান করা এবং এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করবে।
- ০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(নাহরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫১৪১৪৫

স্মারক নং-৪৭.০০.০০০০.০৪৬.০৬.০৪২.২৪-২০০/১(২০)


১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখঃ -----
৩০ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) হলো:

১. যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২. উপসচিব (প্রশাসন-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রতিষ্ঠান-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (পরিকল্পনা-৪), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫. প্রোগ্রামার, আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অনুলিপিঃ

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (অফিস আদেশটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।



(নাহরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব